# প্রকাশকের নিবেদন

বাংলা সাহিত্যের বিস্ময়কর প্রতিভা মাইকেল মধুসূদনের রচনাবলী চিরন্তন শিল্পমূল্যে অনন্য। আশ্চর্য এই সাহিত্য-সাধকের অত্যাশ্চর্য সাহিত্যকৃতি বাঙ্গালী মাত্রেরই গর্বের সম্পদ। মনন চিন্তন উপস্থাপনা আঙ্গিক ও পূর্ব-পশ্চিম মিলন-বন্ধনে ঊনবিংশ শতাব্দীর শ্রেষ্ঠ ব্যক্তিত্ব মধুসূদন নিঃসন্দেহে এক নতুন যুগের দিশারী।

বর্তমানে মধুসূদন-সাহিত্যচর্চার আগ্রহ ও সমাদর উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাওয়ায় কবির রচনার বিভিন্ন সংস্করণ বাজারে সহজলভ্য হয়েছে। বাংলা ক্লাসিক সাহিত্যের এই শাশ্বত সম্পদ বাঙালীর ঘরে ঘরে পঠিত হোক, সংরক্ষিত হোক আন্তরিকভাবে আমরাও এই কামনা পোষণ করি।

ইতিপূর্বে আমরা দুই খণ্ডে সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্রের রচনাবলী ও তিন খণ্ডে অমর কথাশিল্পী শরৎচন্দ্রের সমগ্র রচনা সাহিত্যরসপিপাসু পাঠকদের হাতে তুলে দিতে পেরেছি। বাংলা ক্লাসিক সাহিত্যের সুলভ সংস্করণ সিরিজে এবারে সংযোজিত হল একখণ্ডে মধুসূদনের সমগ্র বাংলা রচনা সংগ্রহ।

বর্তমান সংগ্রহে পাঠকবর্গের সুবিধার্থে দুরূহ শব্দাবলীর অর্থ, টীকা ও বিশেষ ক্ষেত্রে প্রাসঙ্গিক নির্দেশিকা এবং কবির সংক্ষিপ্ত জীবনী ও রচনা-পরিচিতি সংযোজিত হল।

আশা করি আমাদের এই নবতম উদ্যোগ সাহিত্যপিপাসু পাঠকমণ্ডলী সমাদর লাভ করবে।

# কাব্য ও কবিতা

**তিলোত্তমাসম্ভব কাব্য ঃ** মধুসূদন প্রবর্তিত অমিত্রাক্ষর ছন্দে রচিত প্রথম বাংলা কাব্যগ্রন্থ। কাব্যটির রচনারম্ভের সময় সম্ভবতঃ ১৮৫৯ সালের জুলাই মাস, রচনা সম্পূর্ণ হয়েছিল ১৮৬০ সালের ফেব্রুয়ারী মাসের মধ্যে। গ্রন্থাকারে প্রকাশের পূর্বে প্রথম দুই সর্গ রাজেন্দ্রলাল মিত্র সম্পাদিত সাময়িক পত্র 'বিবিধার্থ সংগ্রহ'-এর ১৮৫৯ সালের জুন-জুলাই ও আগষ্ট-সেপ্টেম্বর এই দুই সংখ্যায় প্রকাশিত হয়। ১৮৬০ সালের মে মাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়। প্রকাশনার যাবতীয় ব্যয়ভার বহন করেছিলেন রাজা যতীন্দ্রমোহন ঠাকুর। কবি তাঁকেই কাব্যটি উৎসর্গ করেছিলেন।

১৮৫৯ সালের শুরু থেকেই কবির পদ্মাবতী নাটক রচনা চলছিল। সেই সময়েই তিনি অমিত্রাক্ষর ছন্দ আবিষ্কার করেন। পদ্মাবতী নাটকের দ্বিতীয় অঙ্কের দ্বিতীয় গর্ভাঙ্কে এই ছন্দের প্রথম প্রয়োগ ঘটে। পরে তিলোত্তমা সম্ভব কাব্যগ্রন্থ পুরোপুরি এই ছন্দেই রচনা করেন।

**মেঘনাদবধ কাব্য ঃ** বাংলা সাহিত্যের একমাত্র পূর্ণাঙ্গ মহাকাব্য। রচনাকাল ১৮৬০ সাল থেকে ১৮৬১ সালের মার্চ। গ্রন্থাকারে প্রকাশিত হয় ১৮৬১ সালের জানুয়ারি মাসে—দুই খণ্ডে। রাজা দিগম্বর মিত্র প্রথম সংস্করণের ব্যয়ভার বহন করেছিলেন। কাব্যটি উৎসর্গ করা হয়েছিল তাঁরই নামে।

মেঘনাদবধ কাব্যের উপাদান বাল্মীকি রামায়ণ থেকে গৃহীত হলেও মধুসূদনের কালজয়ী সৃজনশীল প্রতিভার স্পর্শে স্বাদে ও জীবন ভাবনায় তা তাঁর নিজস্ব মৌলিক রচনা হয়ে উঠেছে।

**ব্রজাঙ্গনা কাব্য ঃ** কৃষ্ণবিরহকাতরা ব্রজবালা রাধিকার বিলাপ ও আর্তি এই গীতিকবিতাগুচ্ছের প্রাণবস্তু। কাব্যটি প্রকাশিত হয় ১৮৬১ সালের জুলাই মাসে যদিও রচিত হয়েছিল মেঘনাদবধ কাব্য রচনার পূর্বেই। কাব্যগ্রন্থের বিজ্ঞাপনের একস্থানে বৈকুণ্ঠনাথ দত্ত লিখেছেন ঃ

........"তাঁহার অমিত্রাক্ষর কবিতা রচনাতে যাদৃশ অনুরাগ মিত্রাক্ষরে কিছু সেরূপ নাই বটে, তথাপি তিনি যে প্রণালীতে এই ক্ষুদ্র কাব্যখানি রচনা করিয়াছেন, ইহাতে তাঁহার মিত্রামিত্র উভয়াত্মক অক্ষরেই তদ্রচনার ক্ষমতা প্রতিপন্ন করিতেছে।

শ্রীকৃষ্ণের লীলাবিষয়ে শ্রীমতি রাধিকার প্রেম প্রসঙ্গে অনেকে অনেক প্রকার কাব্যরচনা করিয়া গিয়াছেন ও করিতেছেন, কিন্তু বাঙ্গালা ভাষায় এরূপ নূতন ছন্দ ও

সুমধুর নবভাব পরিপূরিত কবিতা এ পর্যন্ত কেহই রচনা করেন নাই বোধ হয়।”.....

**বীরাঙ্গনাকাব্য ঃ** কবির এক অভিনব পরিকল্পনার পরিণতি এই পত্র-কাব্য। নায়িকাদের হৃদয়াবেগ উচ্ছ্বত সংলাপ পত্রাকারে লিখিত হয়েছে। পত্রখণ্ডগুলির বিশেষত্ব এই যে, কাহিনীর খণ্ডাংশে সূক্ষ্মভাবে গল্পরস সম্পৃক্ত হয়ে আছে। এই ধরনের রচনা বাংলা সাহিত্যে এই প্রথম রচিত হল। মধুসূদনের বিভিন্ন চিঠিপত্র থেকে যে আভাষ পাওয়া যায় তা থেকে অনুমান করা যায়, কাব্যটি রচিত হয় ১৮৬৬ সালের শেষ দিকে অথবা ১৯৬২ সালের জানুয়ারীর মধ্যে। প্রকাশিত হয় ১৮৬২ সালের শেষ দিকে।

**চতুর্দ্দশপদী কবিতাবলী ঃ** পাশ্চাত্য সনেটের অনুসরণে চতুর্দশ পংক্তিযুক্ত কবিতা মধুসূদন বাংলায় প্রথম প্রবর্তন করেন। ফ্রান্সের ভার্সেলস শহরে অবস্থানকালে এই কবিতাবলীর অধিকাংশ রচিত হয়। পরে ১৮৬৬ সালের ১লা আগস্ট গ্রন্থাকারে প্রকাশিত হয়। চতুর্দশপদী কবিতাবলীতে নানা বিষয়ের সমাবেশ ঘটলেও অন্তর্নিহিত সুরে কবির মানস-ভ্রমণের বৈচিত্র্য সহজেই ধরা পড়ে।

**নানা কবিতা ঃ** এই শিরোনামে গ্রথিত হয়েছে কবির বিভিন্ন সময়ে রচিত কাব্য-কবিতা। এই অংশের বেশির ভাগ কবিতাই নানান পত্র পত্রিকায় প্রকাশিত হয়েছে কিন্তু পুস্তকাকারে প্রকাশিত হয়নি।

## নাটক ও প্রহসন

**শর্ম্মিষ্ঠা নাটক ঃ** মধুসূদনের সৃজনশীল প্রতিভা যেমন কাব্যসাহিত্যকে সমৃদ্ধ ও পুষ্ট করেছে, নাট্যসাহিত্যেও সমানভাবে এক ঐতিহাসিক দায়িত্ব পালন করেছে। পাশ্চাত্য নাট্যরীতির অনুসরণে বাংলায় প্রথম ঐতিহাসিক নাটক ও প্রহসন তিনিই রচনা করেন।

পাইকপাড়ার রাজা প্রতাপচন্দ্র সিংহ ও ঈশ্বরচন্দ্র সিংহের উৎসাহে ও পৃষ্টপোষকতায় প্রতিষ্ঠিত হয় বেলগাছিয়া নাট্যশালা। এখানে ১৮৫৮ সালের ৩১ শে জুলাই প্রথম অভিনীত হয় শ্রীহর্ষের রত্নাবলী নাটক। এই সংস্কৃত নাটকটি বাংলায় অনুবাদ করেছিলেন রামনারায়ণ তর্করত্ন। এই নাটক ইংরাজীতে অনুবাদ করার সূত্রে মধুসূদন যুক্ত হন এই নাট্যশালার সঙ্গে। রাজাদের আগ্রহে উৎসাহিত হয়ে মধুসূদন শর্ম্মিষ্ঠা নাটক রচনা করেন। এইটিই তাঁর প্রথম বাংলা রচনা।

বেলগাছিয়া থিয়েটারে শর্ম্মিষ্ঠা নাটক মঞ্চস্থ হয় ১৮৫৯ সালের ৩রা সেপ্টেম্বর। নাটকটি প্রকাশিত হয় ১৮৫৯ সালের জানুয়ারী মাসে—পাইকপাড়ার রাজাদেরই অর্থানুকূল্যে। মধুসূদন পরে এই নাটকের ইংরাজী অনুবাদও করেন।

**পদ্মাবতী নাটক ঃ** গ্রীক পুরাণের কাহিনী অবলম্বনে এই নাটক রচিত হয়েছিল। অমিত্রাক্ষর ছন্দ আবিষ্কারের পর মধুসূদন এই নাটকেই প্রথম এই ছন্দে কবিতা লেখেন। প্রকাশিত হয় ১৮৬০ সালে।

**একেই কি বলে সভ্যতা? বুড় সালিকের ঘাড়ে রো? ঃ** বেলগাছিয়া নাট্যশালার তাগিদেই এই ব্যঙ্গাত্মক প্রহসন দুটি রচনা করেন মধুসূদন। কিন্তু প্রভাবশালী

মহলের আপত্তির ফলে মঞ্চস্থ হতে পারেনি। লেখার সময়ে মধুসূদন দ্বিতীয় প্রহসনটির নাম দিয়েছিলেন 'ভগ্ন শিব মন্দির'। পরে নাম পরিবর্তন করে' বুড় সালিকের ঘাড়ে রোঁ' রাখা হয়। প্রহসন দুটি একই সঙ্গে প্রকাশিত হয় ১৮৬০ সালে। প্রকাশনার ব্যয়ভার বহন করেন বেলগাছিয়ার ছোটরাজা ঈশ্বরচন্দ্র সিংহ।

'একেই কি বলে সভ্যতা' প্রথম অভিনীত হয় ১৮৬৫ সালের ১৮ জুলাই শোভাবাজার থিয়েট্রিকাল সোসাইটি কর্তৃক এবং ১৮৬৬ সালে আরপুলি নাট্যসমাজ কর্তৃক 'বুড় সালিকের ঘাড়ে রোঁ।'

**কৃষ্ণকুমারী নাটক ঃ** 'মেঘনাদবধ কাব্য' লিখতে লিখতে মধুসূদন কৃষ্ণকুমারী রচনা শুরু করেন ১৯৬০ সালে। প্রকাশিত হয় ১৮৬১ সালের শেষভাগে। প্রকাশের সাতবছর পরে ১৮৬৭ সালের ৮ই ফেব্রুয়ারি প্রথম অভিনীত হয় শোভাবাজার নাট্যশালায়। নাটকটির কাহিনী রাজনৈতিক ঐতিহাসিক পরিমণ্ডলে স্থাপন করেও মধুসূদন আশ্চর্য কৌশলে একটি বৃত্তাকার কাহিনীতে রূপায়িত করেছেন।

**মায়া-কানন ঃ** ১৮৭৩ সালে কলকাতায় বেঙ্গল থিয়েটার প্রতিষ্ঠিত হয়। পারিশ্রমিকের বিনিময়ে মধুসূদন এই রঙ্গালয়ের জন্য লেখেন মায়া-কানন। প্রকাশিত হয় ১৮৭৪ সালের ১৪ই মার্চ। একই বছরের ১৮ এপ্রিল অভিনীত হয় বেঙ্গল থিয়েটারে।

## গদ্যরচনা

**হেক্‌টর-বধ ঃ** মহাকবি হোমারের ইলিয়াড কাব্যের কাহিনী সংক্ষিপ্ত আকারে বাংলা ভাষায় সমাপ্ত করতে পারেননি মধুসূদন। ছয়টি পরিচ্ছেদে মূল কাব্যের মাত্র বারোটি সর্গের কাহিনী বিবৃত করেছেন। আরও বারোটি সর্গের কাহিনী নানা কারণে লেখা হয়নি। অসমাপ্ত আকারেই ১৮৭১ সালের ১লা সেপ্টেম্বর গ্রন্থটি প্রকাশিত হয়।

গ্রন্থের উপহারপত্রে ভূদেব মুখোপাধ্যায়ের উদ্দেশ্যে কবি লিখেছেন ঃ

".....মহাকাব্য রচয়িতাকুলের মধ্যে ঈলিয়াস্ রচয়িতা কবি যে সর্ব্বোপরি শ্রেষ্ঠ, ইহা সকলেই জানেন.......আমাদিগের রামায়ণ ও মহাভারত রামচন্দ্রের, পঞ্চপাণ্ডবের জীবন-চরিত মাত্র, তবে কুমারসম্ভব, শিশুপালবধ, কিরাতার্জ্জুনীয়ম্ ও নৈষধ ইত্যাদি কাব্য উরূপা খণ্ডের অলংকারশাস্ত্রগুরু অরিস্ততালীসের মতে মহাকাব্য বটে, কিন্তু ঈলিয়াসের নিকট এসকল কাব্য কোথায়? দুঃখের বিষয় এই যে এ লেখকের দোষে বঙ্গ জনগণ কবিপিতার মহাত্মতা ও দেবোপম শক্তি, বোধহয়, প্রায় কিছুই বুঝিতে পারিবেন না। যদি আমি মেঘ রূপে এ চন্দ্রিমার বিভারাশি স্থানে স্থানে ও সময়ে সময়ে অজ্ঞতা তিমিরে গ্রাস করি, তবুও আমার মার্জ্জনার্থে এই একমাত্র কারণ রহিল, যে সুকোমলা মাতৃভাষার প্রতি আমার এতদূর অনুরাগ, যে তাহাকে এ অলঙ্কারখানি না দিয়া থাকিতে পারি না।"

৬

কেন এ বিলম্ব আজি, কহ ওলো সহচরি,
করি এ মিনতি?
কেন অধোমুখে কাঁদ, আবরি বদনচাঁদ,
কহ, রূপবতি?
সদা মোর সুখে সুখী, তুমি ওলো বিধুমুখি,
আজি লো এ রীতি তব কিসের কারণে?
কে বিলম্বে হেন কালে? চল কুঞ্জবনে!

৭

কাঁদিব লো সহচরি, ধরি সে কমলপদ,
চল, ত্বরা করি,
দেখিব কি মিষ্ট হাসে, শুনিব কি মিষ্ট ভাষে,
তোষেন শ্রীহরি
দুঃখিনী দাসীরে ; চল, হইনু লো হতবল,
ধীরে ধীরে ধরি মোরে, চল লো স্বজনি ;—
সুধে[৫৪]— মধু শূন্য কুঞ্জে কি কাজ, রমণি?

১৮

বসন্তে

১

সখি রে,—
বন অতি রমিত[৫৫] হইল ফুল ফুটনে!
পিককুল কলকল, চঞ্চল অলিদল,
উছলে সুরবে জল,
চল লো বনে!
চল লো, জুড়াব আঁখি দেখি ব্রজরমণে!

২

সখি রে,—
উদয় অচলে উষা, দেখ, আসি হাসিছে!
এ বিরহ বিভাবরী কাটানু ধৈরজ ধরি
এবে লো রব কি করি?
প্রাণ কাঁদিছে!
চল লো নিকুঞ্জে যথা কুঞ্জমণি নাচিছে!

৩

সখি রে,—
পূজে ঋতুরাজে আজি ফুলজালে ধরণী!
ধূপরূপে পরিমল, আমোদিছে বনস্থল,
বিহঙ্গমকুলকল,
মঙ্গল ধ্বনি!
চল লো, নিকুঞ্জ পূজি শ্যামরাজে, স্বজনি!

৪

সখি রে,—
পাদ্যরূপে অশ্রুধারা দিয়া ধোব চরণে!
দুই কর কোকনদে,[৫৬] পূজিব রাজীব[৫৭] পদে ;
শ্বাসে ধূপ, লো প্রমদে,
ভাবিয়া মনে!
কঙ্কণ কিঙ্কিণী ধ্বনি বাজিবে লো সঘনে।

৫

সখি রে,—
এ যৌবন ধন, দিব উপহার রমণে।[৫৮]
ভালে যে সিন্দূরবিন্দু, হইবে চন্দনবিন্দু ;—
দেখিব লো দশ ইন্দু
সুনখগণে!
চিরপ্রেম বর মাগি লব, ওলো ললনে!

৭

সখি রে,—
বন অতি রমিত হইল ফুল ফুটনে!
পিককুল কলকল, চঞ্চল অলিদল
উছলে সুরবে জল,
চল লো বনে!
চল লো, জুড়াব আঁখি দেখি—মধুসূদনে!

ইতি শ্রীব্রজাঙ্গনা কাব্যে বিরহো নাম
প্রথমঃ সর্গ।[৫৮]

